

যেসব কারণে রোযা ভঙ্গ হয় না :

- ১। যদি ভুলে পেট ভরিয়াও পানাহার করে, কিংবা ভুলে কয়েকবার পানাহার করে, তবুও রোযা ভঙ্গ হয় না । কিন্তু খাওয়া শুরু করার পর স্মরণ হইলে তৎক্ষণাৎ খাওয়া বন্ধ করিতে হইবে ।
- ২। রোযা রাখিয়া সুরমা, তেল ও খুশুবু লাগান যায়, এতে রোযা ভঙ্গ হয় না ।
- ৩। মুখের থুথু যত বেশীই হউক না কেন তাহা গিলিলে রোযার কোনই ক্ষতি হয় না ।
- ৪। রাত্রে যদি গোসল ফরয হয়, তবে সোব্‌হে সাদেকের পূর্বেই গোসল করিয়া লওয়া উচিত; কিন্তু যদি কেহ গোসল করিতে দেরী করে, কিংবা সারাদিন গোসল নাও করে, তবে তাহাতে রোযা ভঙ্গ হইবে না ।
- ৫। আপনাআপনি যদি বমি হইয়া যায়, তবে বেশী হউক বা কম হউক তাহাতে রোযা নষ্ট হয় না । আপনাআপনি আসা সামান্য বমি আবার আপনাআপনি হলকুমের ভিতর চলিয়া গেলে রোযা নষ্ট হয় না ।
- ৬। দাঁত দিয়ে বের হওয়া রক্ত খুতুর চাইতে কম হইলে এবং তাহা গিলিয়া ফেলিলে রোযা ভঙ্গ হয় না ।
- ৭। কোন জিনিস জিহবার অগ্রভাগ দিয়া শুধু একটু স্বাদ দেখিয়া থুথু ফেলিয়া দিলে, রোযা ভঙ্গ হয় না; কিন্তু বিনা দরকারে এরূপ করা মকরুহ্‌।
- ৮। কাঁচা বা শুকনা মেসুওয়াক দ্বারা দাঁত মাজা দুরন্ত আছে, এতে রোযা ভঙ্গ হয় না ।
- ৯। রোযা রাখিয়া দিনে ঘুমাইলে ও স্বপ্নদোষ হইলে রোযা ভঙ্গ হয় না ।

যেসব কারণে রোযা ভঙ্গ হয় :

- ১। ভুলক্রমে খাইবার সময় রোযার কথা মনে পড়ার পর সামান্য খাইলেও রোযা ভঙ্গিয়া যাইবে ।
- ২। লোবান বা আগরবাতি জ্বালাইয়া তাহার ধোঁয়া গ্রহণ করিলে রোযা ভঙ্গিয়া যাইবে । তেমনি ভাবে বিড়ি, সিগারেট ও হক্কর ধোঁয়া পান করিলেও রোযা ভঙ্গিয়া যাইবে ।
- ৩। দাঁতের ফাঁকে আটকিয়া থাকা খাবার বুটের দানার সমান বা তার চাইতে বড় হইলে এবং তা গিলিয়া ফেলিলে রোযা ভঙ্গিয়া যাইবে । তবে মুখ হইতে বাহির করিয়া খাইলে বুটের চাইতে ছোট দানা হইলেও রোযা ভঙ্গিয়া যাইবে ।
- ৪। কুল্লি করার সময় যদি হলকুমের মধ্যে পানি চলিয়া যায়, তবে রোযা ভঙ্গিয়া যাইবে ।
- ৫। ইচ্ছা করিয়া মুখ ভরিয়া বমি করিলে রোযা নষ্ট হইয়া যায়, অল্প বমি করিলে রোযা নষ্ট হয় না ।
- ৬। আপনাআপনি আসা সামান্য বমিও ইচ্ছাকৃতভাবে গিলিলে রোযা নষ্ট হইয়া যাইবে ।
- ৭। দিনের বেলায় স্ত্রী-সহবাস করিলে রোযা ভঙ্গিয়া যাইবে । এর জন্য স্বায়া ও কাফ্‌ফারা উভয়ই ওয়াজিব হইবে ।
- ৮। নাকে নস্য টানিলে বা কানে তেল ঢালিলে অথবা পায়খানার জন্য ডুস লইলে রোযা নষ্ট হইয়া যায় ।
- ৯। পেশাবের রাস্তায় কোন ঔষধ রাখিলে রোযা ভঙ্গিয়া যাইবে ।
- ১০। দাঁতের রক্ত গিলিয়া ফেলিলে এবং তা পরিমানে থুথুর চাইতে বেশী হইলে রোযা নষ্ট হইয়া যাইবে ।
- ১১। কেহ বেলা ডোবার আগেই সূর্য ডুবিয়াছে মনে করিয়া ইফতার করিলে রোযা ভঙ্গিয়া যাইবে ।

** রমযান মাসে কোন কারণ বশত: যদি কাহারও রোযা ভঙ্গিয়া যায়, তবুও দিনের বেলায় তাহার জন্য কিছু খাওয়া-দাওয়া দুরন্ত নহে, সমস্ত দিন রোযাদারের ন্যায় না খাইয়া থাকা তাহার উপর ওয়াজিব ।

** কেহ এমন কিছু কাজ করিল যাহাতে রোযা নষ্ট হয় না । কিন্তু মনে করিল যে রোযা নষ্ট হইয়া গিয়াছে এবং তারপর খানাপিনা করিল, তাহা হইলে রোযা নষ্ট হইবে এবং কাফা ও কাফ্‌ফারা উভয়ই করিতে হইবে ।